সিনিয়র সিস্টেম এনালিস্ট

◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ স:মে:ই-১/ স:মে:ই-২
◇ নথি
ডাইরি নং.........
তারিখঃ 18/12/19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০২৩.১৭-৫৪৪ তারিখঃ ১৮-১২-২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রংপুর জোন)" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ০৪ ডিসেম্বর ২০১৯ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রংপুর জোন)" শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

(আবদুল্লাহ-আল-মাসুদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: mashudllb@msn.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
২। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পন কমিশন, শের-ই-বাংলা, নগর, ঢাকা
৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ শাখা, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০। প্রকল্প পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, রংপুর জোন, রংপুর
১১। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১২। উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (**কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)
৪-৫। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ **"জেলা মহাসড়ক যথাযথমান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রংপুর জোন)"** শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	৪ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
সময়	:	১০.০০ ঘটিকা
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, রংপুর জোনের ২৬৭.০৯ কিলোমিটার জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৬৫৪.৪৩২৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন। প্রকল্পটির নভেম্বর পর্যন্ত বাস্তব অগ্রগতি ৪৫.৫৩ %, আর্থিক অগ্রগতি ৩৭.৫৪% । প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়নের সমস্যা এবং সমাধানের উপায় নিয়ে অদ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ সওজ অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, ডিপিপি ২০১৫ রেইট সিডিউলে অনুমোদিত হয়। কিন্তু প্রাক্কলন ২০১৮ রেইট সিডিউল মোতাবেক অনুমোদিত হওয়ায় চুক্তি মূল্য ডিপিপি মূল্য হতে অধিক। ৩১টি প্যাকেজের ডিপিপি মূল্য ৬২০.৩৯ কোটি টাকা যার চুক্তিমূল্য ৬৫৮.৬২ কোটি টাকা। পূর্বের জেলা সড়ক প্রকল্পের কিছূ সড়ক অন্তর্ভূক্ত থাকায় বর্তমান জেলা সড়ক প্রকল্পে কেবলমাত্র প্রশস্থকৃত অংশে (২ X ০.৯ মি.) সার্ফেসিং অন্তর্ভূক্ত করা হয়েছিল। বর্তমানে সড়কগুলোর বিদ্যমান (৩.৭০ মি) অংশের সার্ফেস খারাপ হওয়ায় উক্ত অংশে কাজ করা প্রয়োজন। গাইবান্ধা সড়ক বিভাগে নির্বাহী প্রকৌশলী এবং উপ-বিভাগীয় প্রকৌশলীর বাসভবনের জন্য ধানঘড়া মৌজায় ১.৫ একর ভূমি অধিগ্রহন ধরা হয়। জোদ্দকড়িসিংহ মৌজা মূল ডিপিপিতে অর্ন্তভূক্ত না থাকায় এবং মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন না পাওয়ায় ভূমি অধিগ্রহন কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। যেহেতু ভুমির পরিমান অপরিবর্তিত থাকবে এবং মুল ডিপিপিতে মেয়াদ জুন/২০২০ পর্যন্ত সেহেতু উক্ত সময়ের মধ্যে অধিগ্রহন কার্যক্রম সমাপ্ত করার জন্য ভূমি অধিগ্রহনের প্রশাসনিক অনুমোদন দেয়া প্রয়োজন। মূল ডিপিপিতে রংপুর সড়ক জোন ভবন নির্মাণ ৬ তলার ফাউন্ডেশনসহ ২ তলা নির্মাণ বাবদ ২ কোটি টাকার সংস্থান ছিল। কিন্তু ৬ তলা ফাউন্ডেশনসহ ২ তলা নির্মাণ করতে আনুমানিক ৮ কোটি টাকা প্রয়োজন হবে এবং ৬তলা পর্যন্ত নির্মাণ করতে আরও ৮ কোটি টাকার প্রয়োজন হবে। সুতরাং ৬ তলা ভবন নিমার্ণের লক্ষ্যে মোট ১৬ কোটি টাকার প্রয়োজন হবে। সেক্ষেত্রে মূল ডিপিপিতে সংস্থানকৃত অর্থের অতিরিক্ত ১৪ কোটি টাকার সংশোধিত ডিপিপিতে অন্তর্ভূক্ত করা যেতে পারে। প্যাকেজ ভেরিয়েশনপূর্বক ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংস্থাকে পরামর্শ দেয়া হয়।

৩.২ সওজ অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, ঠাকুরগাঁও-পীরগঞ্জ সড়কটি পূর্বের জেলা মহাসড়ক প্রকল্পের অন্তর্ভূক্ত থাকায় বর্তমান জেলা মহাসড়ক প্রকল্পে কেবলমাত্র প্রশস্থকৃত অংশে (২ X ০.৯ মিটার) সার্ফেসিং অন্তর্ভূক্ত

করা হয়েছে। বর্তমানে বিদ্যমান (৩.৭০ মিটার) অংশের সার্ফেস খারাপ হওয়ায় সেই অংশে সার্ফেসিং করা প্রয়োজন। সুতরাং ২২.০০ কিলোমিটার সড়কে ৩.৭০ মিটার প্রস্থ সার্ফেসিং, ৪৭০ .০০ মিটার প্যালাসাইডিং এবং ১৫০০.০০ মিটার ইউ ড্রেন এর কাজ অন্তর্ভূক্তপূর্বক ঠাকুরগাঁও সড়ক বিভাগে নতুন ১টি প্যাকেজ অন্তর্ভূক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৩.৩ আরো জানান যে, ঠাকুরগাঁও-বালিয়াডাংগি-নেকমোরড-রাণীশংকৌল-পীরগঞ্জ-বীরগঞ্জ সড়কটি পূর্বের জেলা সড়ক প্রকল্পের অন্তর্ভূক্ত থাকায় বর্তমান জেলা সড়ক প্রকল্পে কেবলমাত্র প্রশস্থ কৃত অংশে (২ X ০.৯ মিটার) সার্ফেসিং অন্তর্ভূক্ত করা হয়েছে। বর্তমানে বিদ্যমান (৩.৭০ মিটার) অংশের সার্ফেস খারাপ হওয়ায় উক্ত অংশে সার্ফেসিং করা প্রয়োজন। সুতরাং ১০.৭০ কিলোমিটার সড়কে ৩.৭০ মিটার প্রস্থে সার্ফেসিং, ইউ ড্রেন ও টো-ওয়াল নির্মাণ কাজ অন্তর্ভূক্ত পূর্বক দিনাজপুর সড়ক বিভাগে নতুন ১টি প্যাকেজ অন্তর্ভূক্ত করার বিষয়ে আলোচনা করা হয়।

৩.৪ ট্যাক্সেরহাট-লালদীঘি-তারাগঞ্জ-কিশোরগঞ্জ (জেড-৫০১৫) জেলা মহাসড়কের চেইনেজ- ৭+০০০ হতে চেইনেজ- ১৭+৭৪০ পর্যন্ত ডিবিএস ওয়ারিংকোর্স ও চেইনেজ-১৭+৭৪০ হতে চেইনেজ-১৮+৭৪৯ পর্যন্ত রিজিড পেভমেন্ট নির্মাণ কাজ, সাহেবগঞ্জ-হারাগাছ (জেড-৫৬১২) জেলা মহাসড়কের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ কিলোমিটারে আরসিসি ইউ-ড্রেন নির্মাণ কাজ এবং গংগাচড়া-পীরেরহাট-মন্থনাহাট-গাড়াগ্রাম-কিশোরগঞ্জ (নীলফামারী) (জেড-৫০১৮) জেলা মহাসড়কের চেইনেজ- ৯+০০০ হতে চেইনেজ- ১৯+০০০ পর্যন্ত ডিবিএস ওয়ারিংকোর্স কাজ করার বিষয়েও বিস্তারিত আলোচনা করা হয়।

৩.৫ পাটগ্রাম-দহগ্রাম-আংগুরপোতা সড়কটি পূর্বের জেলা সড়ক প্রকল্পের অন্তভূক্ত থাকায় বর্তমান জেলা সড়ক প্রকল্পে কেবলমাত্র প্রশস্থ কৃত অংশে সার্ফেসিং অন্তর্ভূক্ত করা হয়েছে। বর্তমানে বিদ্যমান (৩.৭০ মিটার) অংশের সার্ফেস খারাপ হওয়ায় সেই অংশে সার্ফেসিং করা প্রয়োজন। সুতরাং ১০.৫৪ কিলোমিটার সড়কে ৩.৭০ মিটার প্রস্থে সার্ফেসিংসহ অন্যান্য কাজ ও লালমনিরহাট-মঙ্গলহাট সড়কে ২২০০.০০ মিটার টো-ওয়াল ও ৮ মিটার কালভার্ট নির্মাণসহ আনুসাংগিক কাজ নতুন প্যাকেজ অন্তর্ভুক্তপূর্বক লালমনিরহাট সড়ক বিভাগে ১টি প্যাকেজ অন্তর্ভূক্তপূর্বক ডিপিপি সংশোধন করার বিষয়ে আলোচনা করা হয়।

৩.৬ পলাশবাড়ী-ঘোড়াঘাট সড়কটি পূর্বের জেলা সড়ক প্রকল্পের অন্তভূক্ত থাকায় বর্তমান জেলা সড়ক প্রকল্পে কেবলমাত্র প্রশস্থ কৃত অংশে (২ X ০.৯ মিটার) সার্ফেসিং অন্তর্ভূক্ত করা হয়েছে। বর্তমানে বিদ্যমান (৩.৭০ মিটার) অংশের সার্ফেস খারাপ হওয়ায় সেই অংশে সার্ফেসিংসহ ৩০০.০০ মিটার রিজিট পেভমেন্ট করা প্রয়োজন, দারিয়াপুর-কামারজানি সড়কের ২টি (৮+৮)=১৬.০০ মিটার বক্স কালভার্ট প্রশস্তকরণ, ৩০০.০০ মিটার রিজিভ পেভমেন্ট ও ৫০০.০০ মিটার আরসিসি প্যালাসাইডিং নির্মাণ কাজ ও জয়পুরহাট-রাজাবিরাট-গোবিন্দগঞ্জ সড়কের ৩০ মিটার ব্রীজ, ৯.০০ মিটার বক্স কালভার্ট, ৩০০.০০ মিটার রিজিট পেভমেন্ট ও ২০০.০০ মিটার আরসিসি প্যালাসাইডিং নির্মাণসহ আনুসাংগিক কাজ অন্তর্ভূক্তপূর্বক গাইবান্ধা সড়ক বিভাগে নতুন ১টি প্যাকেজ অন্তর্ভূক্ত করে ডিপিপি সংশোধন করা প্রয়োজন মর্মে আলোচনা করা হয়। সড়কের ১.২০ কিলোমিটার মজবুতীকরন, ৫০০.০০মিটার রিজিট পেভমেন্ট ও ২০০.০০ মিটার আরসিসি প্যালাসাইডিং নির্মাণ কাজ অন্তর্ভূক্তপূর্বক বিদ্যমান প্যাকেজটি সংশোধন করে ডিপিপি সংশোধন করা করার বিষয়ে আলোচনা করা হয়।

৩.৭ প্রকল্পের আওতায় চলমান কাজসহ প্রস্তাবিত বর্ধিত কাজ সুষ্ঠুভাবে সমাপ্তকরণের জন্য প্রকল্প মেয়াদ আরও এক বছর বৃদ্ধি করা প্রয়োজন হবে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।

৩.৮ যেসব নতুন প্যাকেজ অর্ন্তভূক্ত করে ডিপিপি সংশোধন করার বিষয়ে আলোচনা করা হয় তা জেলা সড়ক ২য় পর্যায়ে অর্ন্তভূক্ত করা যেতে পারে। ২০১৮ রেট শিডিউল এবং বর্ধিত কাজের জন্য প্যাকেজ ভেরিয়েশনের লক্ষ্যে যে ব্যয় বৃদ্ধি পাবে তা মন্ত্রনালয়ের অভ্যন্তরীন কমিটির অনুমোদনের ক্ষমতার (১৫% অথবা ৪০ কোটি যেটি সর্বনিম্ন) মধ্যে রেখে ডিপিপি সংশোধনের নির্দেশ দেয়া হয়। এক্ষেত্রে, প্রকল্পটি সংশোধন করতে হলে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সংশোধিত ডিপিপি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পরে প্যাকেজের ভেরিয়েশন করার জন্য নির্দেশনা দেয়া হয়।

৪. সিদ্ধান্তঃ

৪.১ কাজের গতি তরান্বিত করে আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে;

৪.২ ২০১৮ রেট শিডিউল এবং বর্ধিত কাজের জন্য প্যাকেজসমূহের ভেরিয়েশনের লক্ষ্যে সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৪.৩ প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে নতুন প্যাকেজগুলো অন্তর্ভুক্ত না করে পরবর্তী জেলা সড়ক ২য় পর্যায় প্রকল্পে নতুন প্যাকেজগুলো অর্ন্তভূক্ত করতে হবে;

৪.৪ যেহেতু ভুমির পরিমান অপরিবর্তিত থাকবে সেহেতু গাইবান্ধা সড়ক বিভাগে নির্বাহী প্রকৌশলী এবং উপ-বিভাগীয় প্রকৌশলীর বাসভবনের জন্য ভুমির প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে;

৪.৫ রংপুর সড়ক জোন ভবন নির্মাণ ৩য় তলা পর্যন্ত নির্মাণের কাজ সংশোধিত ডিপিপিতে অর্ন্তভূক্ত করতে হবে;

৪.৬ প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পন্ন করার জন্য এ পর্যায়ে ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে;

৪.৭ প্রকল্পের আওতায় যতগুলো সড়ক রয়েছে প্রতিটি সড়কে পর্যাপ্ত সাইন-সিগন্যাল স্থাপন করতে হবে;

৪.৮ যে সকল প্যাকেজের কার্যাদেশ দেয়া হয়েছে তা দ্রুত সম্পন্ন করতে হবে এবং যে সকল প্যাকেজের কাজ এখনও শুরু হয়নি তা দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করতে হবে;

৫.৬ অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ